

উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয়

বিজ্ঞপ্তি

স্মারক নং: উবি-০৬/২০০৭-১৯৯৬৪

তারিখঃ ১৮ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ
০২ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ

বিষয়ঃ শ্রী শ্রী দুর্গাপূজা, ফাতেহা-ই-ইয়াজদাহম, শ্রী শ্রী লক্ষ্মী পূজা ও প্রবারণা পূর্ণিমা উপলক্ষ্যে ছুটি এবং শ্রেণিকার্যক্রম, ধারাবাহিক মূল্যায়ন, বার্ষিক সামষ্টিক মূল্যায়ন ও বার্ষিক পরীক্ষা - ২০২৩ প্রসঙ্গে।

শিশুশ্রেণি থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত সকল শিক্ষার্থী, সম্মানিত অভিভাবক, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে জানানো যাচ্ছে যে,

১। শারদীয় দুর্গাপূজা, ফাতেহা-ই-ইয়াজদাহম, শ্রীশ্রী লক্ষ্মীপূজা ও প্রবারণা পূর্ণিমা উপলক্ষ্যে আগামী ২২ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ রবিবার থেকে ২৬ অক্টোবর ২০২৩ বৃহস্পতিবার পর্যন্ত বিদ্যালয়ের শ্রেণিকার্যক্রম বন্ধ থাকবে।

২। ২য় থেকে ৫ম শ্রেণি এবং ৮ম ও ৯ম শ্রেণির শ্রেণিকার্যক্রম 'বার্ষিক পরীক্ষা - ২০২৩' এর প্রস্তুতির জন্য ২৯ অক্টোবর ২০২৩ রবিবার থেকে ৩১ অক্টোবর ২০২৩ মঙ্গলবার পর্যন্ত বন্ধ থাকবে।

৩। শিশু, ১ম, ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির শ্রেণিকার্যক্রম ও ধারাবাহিক মূল্যায়ন ২৯ অক্টোবর ২০২৩ রবিবার থেকে যথারীতি চলবে।

৪। ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির বার্ষিক সামষ্টিক মূল্যায়ন ১৫-১১-২০২৩ বুধবার থেকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সময়সূচি অনুসারে অনুষ্ঠিত হবে।

৫। নভেম্বর মাসে বিদ্যালয়ের বার্ষিক পরীক্ষা - ২০২৩ চলাকালীন সময়ে শিশু ও ১ম শ্রেণির শ্রেণিকার্যক্রম নিম্নলিখিত ছকে উল্লিখিত সময়সূচি অনুসারে অনুষ্ঠিত হবে:

তারিখ	ক্লাস শুরু সময়
১/১১/২০২৩, ২/১১/২০২৩, ৫/১১/২০২৩, ৭/১১/২০২৩, ৮/১১/২০২৩, ১৩/১১/২০২৩, ১৫/১১/২০২৩, ১৬/১১/২০২৩, ১৯/১১/২০২৩ ও ২০/১১/২০২৩	বেলা ১২:৩০

স্বাক্ষরিত/
জহুরা বেগম
অধ্যক্ষ